Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# কর্মসংস্থান

www.karmosangsthan.com

Vol. 31 ■ Issue No. 19 ■ 12th May 2018 ■ Saturday ■ R.N.I. 44167/88

LIVE DEMO THE SEMINER FOR ALL STUDENTS 27th MAY @ 10 AM 8001 811 811
THE BIGGEST ANIMATION SCHOOL IN 24 PARGANAS [S]
BRIGHT PIXEL ACADEMY
WWW.BRIGHTPIXELACADEMY.COM
Learn BASIC & ADVANCE Level of 2D/3D ANIMATION PHOTOGRAPHY FIIM VFX FILM EDIT GRAPHICS DESIGN
AT MAHAMAYA CINEMA HALL DAKSHIN BARASAT

## ৪৫৪ মেডিক্যাল অফিসার

কেন্দ্রীয় রেল মন্ত্রক, প্রতিরক্ষা দফতর, স্বাস্থ্য দফতরে কাজের জন্য 'অ্যাসিস্ট্যান্ট মেডিক্যাল অফিসার' পদে ৪৫৪ জন লোক নিচ্ছে।

ডাক্তারির ডিগ্রি (এম.বি.বি.এস.) কোর্স পাশ বা, অ্যাপিয়ার্ড প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-৮-২০১৮'র

এরপর ২২ পাতায়

## হাই কোর্টে ১৭৭ স্টেনো, অ্যাসিস্ট্যান্ট

গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য

ঝাড়খন্ড হাই কোর্ট ইংলিশ স্টেনোগ্রাফার ও পার্সোনেল অ্যাসিস্ট্যান্ট পদে ১৭৭ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

ইংলিশ স্টেনোগ্রাফার : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা ইংরিজি টাইপিং ও শর্টহ্যান্ডে মিনিটে অন্তত যথাক্রমে ৪০টি ও ১০০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০১৮'এর হিসাবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে সিভিল কোর্টে ২৫,৫০০-৮১,১০০ টাকা

এরপর ৭ পাতায়

## ব্যাঙ্কে ৫৪০ অফিসার

### ক্রেডিট অফিসার

ব্যাঙ্ক অফ বরোদো 'ফিনান্স / ক্রেডিট অফিসার' পদে ৪০ জন লোক নিচ্ছে। ফিনান্স স্পেশালাইজেশন হিসাবে নিয়ে এম.বি.এ. /পি.জি.ডি.এম. কোর্স পাশরা আবেদন করতে পারেন। চার্টার্ড অ্যাডাউন্ট্যান্সি বা, কস্ট অ্যাকাউন্ট্যান্সি কোর্স পাশরাও যোগ্য। ব্যাঙ্ক বা, আর্থিক প্রতিষ্ঠানে ক্রেডিট প্রসেসিং, ক্রেডিট অ্যাপ্রাইজার, ক্রেডিট রিলেশনশিপ ম্যানেজমেন্টের কাজে অন্তত ২ বছরের

এরপর ২২ পাতায়

### সেলস এক্সিকিউটিভ

ব্যাঙ্ক অফ বরোদা ফিনান্সিয়াল সলিউশন লিমিটেড 'এরিয়া সেলস ম্যানেজার', 'টিম লিডার', 'সেলস এক্সিকিউটিভ', 'ম্যানেজার / অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার' পদে ৫০০ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

সেলস এক্সিকিউটিভ (ফ্রেশার) : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা সেলসের কাজে দক্ষতা থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২১ থেকে ২৫ বছরের মধ্যে।

সেলস এক্সিকিউটিভ (আন্ডার গ্র্যাজুয়েট) :

এরপর ২২ পাতায়

## ৪১ সায়েন্টিস্ট

কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের রিক্রুটমেন্ট অ্যান্ড অ্যাসেসমেন্ট সেন্টার 'সায়েন্টিস্ট -বি' পদে ৪১ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন

এরপর ২২ পাতায়

## কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার আরো কিছু জরুরি তথ্য

কেন্দ্রীয় সরকারের রেলওয়ে বোর্ড, পররাষ্ট্র মন্ত্রক, আর্মড ফোর্সেস হেডকোয়ার্টার্স, সি.এস.এস. ইত্যাদি অফিসের অডিটর, 'জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট /অ্যাকাউন্ট্যান্ট, ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট', 'ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট', 'অন্যান্য সংস্থার অ্যাসিস্ট্যান্ট', 'ইন্সপেক্টর', 'ইন্সপেক্টর (সেন্ট্রাল এক্সাইজ /প্রিভেন্টিভ অফিসার / এক্সামিনার)', ইনকাম ট্যাক্স ইন্সপেক্টর, 'সি.বি.আই.'এর সাব-ইন্সপেক্টর', 'অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার', জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার, আপার ডিভিশন ক্লার্ক ইত্যাদি পদে

এরপর ১৭ পাতায়

## বায়ুসেনাতে গ্রুপ 'সি'

www.banglajobguide.tk

কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন ভারতীয় বিমানবাহিনীর হেড কোয়ার্টার্স ওয়েস্টার্ন এয়ার কমান্ড বিভিন্ন পদে ৮৭ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

লোয়ার ডিভিশন ক্লার্ক : উচ্চমাধ্যমিক পাশরা কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি (অনুরূপভাবে ঘন্টায় অন্তত ১০,৫০০ কী ডিপ্রেশনে গতি থাকতে হবে) শব্দ তোলার গতি থাকলে যোগ্য। মূল মাইনে পে ম্যাট্রিক্স সপ্তম সি.পি.সি.।

পেইন্টার : মাধ্যমিক পাশরা

এরপর ১৫ পাতায়

## ৩৬ অ্যাপ্রেন্টিস

চান্দা অর্ডন্যান্স ফ্যাক্টরি 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার্স)' ও 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ডিপ্লোমা হোল্ডার্স)' পদে ৩৬ জন লোক নিচ্ছে। মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল বা, সিভিল ইঞ্জিনিয়ারিং চূড়ান্ত বর্ষের

এরপর ১৭ পাতায়

## কেন্দ্রীয় সংস্থায় ৫২

কেন্দ্রীয় সরকারের কৃষি বিভাগে কাজের জন্য 'মার্কেটিং অফিসার' ও দিল্লি সরকারের কারিগরি শিক্ষা বিভাগে কাজের জন্য 'লেকচারার' পদে ৫২ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**মার্কেটিং অফিসার (গ্রুপ-I) (ভ্যাকেন্সি নং : 18040801528) :** অ্যাগ্রিকালচার, বটানি, অ্যাগ্রিকালচারাল ইকনমিক্স, অ্যাগ্রিকালচারাল মার্কেটিং, ইকনমিক্সের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। ইকনমিক্স অন্যতম বিষয় হিসাবে নিয়ে কমার্স শাখার পোস্ট-গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য। কো-অপারেটিভ মার্কেটিং-সহ অ্যাগ্রিকালচারাল মার্কেটিংয়ের কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা কিংবা মার্কেটিং ম্যানেজমেন্টের ডিপ্লোমা কোর্স পাশ হতে হবে। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। পে ম্যাট্রিক্স লেভেল ৭।

এরপর ১৯ পাতায়

পশ্চিমবঙ্গ রাজ্য পুলিশের কনস্টেবল পদের সম্ভাব্য ১ সেট প্রশ্নোত্তর আছে ১৮ ও ১৯ পাতায়

## ২৪ ট্রেনি

কেন্দ্রীয় সরকারের অধীন সংস্থা, এইচ.এম.টি. মেশিন টুলস লিমিটেড 'স্পেশালিস্ট ট্রেনি' পদে ২৪ জন লোক নিচ্ছে। মেকানিক্যাল শাখায় এম.টেক. কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১৭টি। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের এম.টেক. কোর্স

এরপর ১৯ পাতায়

## উচ্চ প্রাথমিক স্কুলে নিয়োগের কাজ শুরু করল স্কুল সার্ভিস কমিশন

পশ্চিমবঙ্গ স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে উচ্চ প্রাথমিক স্কুলে শিক্ষক-শিক্ষিকা নিয়োগের ওপরের কোর্টের যে নিষেধাজ্ঞা ছিল, তা উঠে গেল। এবার উচ্চ প্রাথমিক স্কুলের শিক্ষক-শিক্ষিকা নিয়োগের ক্ষেত্রে আর কোনো বাধা থাকল না।

স্কুল সার্ভিস কমিশনের চেয়ারম্যান সুবীরেশ ভট্টাচার্য জানান, উচ্চ প্রাথমিক স্কুলে শিক্ষক-শিক্ষিকা নিয়োগের জন্য 'টেট'এর দরখাস্ত নেওয়া হয়েছিল ২০১৫ সালে। প্রায় ৫ লাখ ৪৩ হাজার প্রার্থী পরীক্ষা দিয়েছিলেন। 'টেট'এর ফল প্রকাশিত হয়েছিল ২০১৬ সালে। এতদিন পর্যন্ত আদালতে একাধিক মামলা থাকায় ইন্টারভিউয়ের কাজ শুরু হয়নি। চেয়ারম্যান জানান, হাই কোর্ট নিয়োগের ক্ষেত্রে ছাড় দিয়েছে। প্যারা টিচারদের

এরপর ৯ পাতায়

ICS
পাঁজির মোড় চাকদহ, নদিয়া
786-400-2150 / 9800-65-27-35
SSC আর্ট বাহিনী
WBP কনস্টেবল ও S.I.
RPF
ভর্তি চলছে
লিখিত পরীক্ষা এবং মাঠ - রাজ্যের সেরা প্রশিক্ষণ
নিশ্চিত সাফল্যের ঠিকানা একটাই - ICS
রেল গ্রুপ-ডি
একমাত্র ICS-এ প্রশিক্ষণ দিচ্ছেন কর্মসংস্থান, সাফল্য ইত্যাদি রাজ্যের প্রথম শ্রেণীর পত্রিকা ও ম্যাগাজিনের বিশেষজ্ঞ লেখক ও গবেষকরা
SSC কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল, CHSL, IBPS, SBI (Clerk/PO) IB, LIC - সকল পরীক্ষার জন্য
কম্বাইন্ড কোর্সের নতুন ব্যাচ
শুরু 17 May থেকে, ভর্তি চলছে
দূরের ছেলেদের জন্য ন্যূনতম খরচে হস্টেলে থেকে পড়াশোনা করার ব্যবস্থা। এছাড়া দূরের ছেলেমেয়ে সবার জন্য সপ্তাহে একদিন এসে সব ক্লাস করে যাওয়ার ব্যবস্থা।

রেলের পরীক্ষার বেরোচ্ছে
মে সংখ্যা
নতুন সিলেবাসের প্রশ্নোত্তর
সাফল্য সাফল্য সাধারণ জ্ঞান
বিশেষ সংখ্যা
রেলের ৮৯,৯২৬ গ্রুপ-ডি, ড্রাইভার, টেকনিশিয়ান পদের অনলাইন পরীক্ষার নতুন সিলেবাস অনুযায়ী সম্ভাব্য প্রশ্নোত্তর, পরীক্ষার টিপস, বিশেষজ্ঞদের মতামত সহ বিশেষ সংখ্যা
আজই খোঁজ করুন নিকটবর্তী কাগজের স্টলে
ফোন : ৮০১৭০৯৬৩৪৬



Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## হাই কোর্টে ১৭৭

১ পাতার পর

আর ফ্যামিলি কোর্টে ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ ১৪৫টি (জেনাঃ ৪২, তঃউঃজাঃ ৫৯, তঃজাঃ ৩২, ও.বি.সি. -I ক্যাটেগরি ১১, ও.বি.সি. -II ক্যাটেগরি ৪। এই পদের বিজ্ঞপ্তি নং : 01/Admn.misc./2018.

পার্সোনাল অ্যাসিস্ট্যান্ট : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা ইংরিজি টাইপিং ও শর্টহ্যান্ডে মিনিটে অন্তত যথাক্রমে ৪০টি ও ১০০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-৪-২০১৮'এর হিসাবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে ৯,৩০০-৩৪,৮০০ টাকা ও গ্রেড পে ৪,৬০০ টাকা। শূন্যপদ : ৩২টি (জেনাঃ ১০, তঃউঃজাঃ ১২, তঃজাঃ ৪, ও.বি.সি. -I ক্যাটেগরি ৪, ও.বি.সি. -II ক্যাটেগরি ২)। এই পদের বিজ্ঞপ্তি নং : 01/Accts/ 2018.

দুই পদের বেলায়ই প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে স্টেনো টেস্ট ও টাইপিং টেস্ট হবে। সফল হলে পার্সোনালিটি টেস্ট বা, ভাইভা টেস্ট। টাইপিং টেস্ট হবে কম্পিউটারে। অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন।

দুই পদের বেলায়ই দরখাস্ত করবেন অনলাইনে, ২৮ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : www.jharkhandhighcourt.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও স্ক্যান করে নেবেন এইসব প্রমাণপত্র : (১) মাধ্যমিকের অ্যাডমিট কার্ড, মার্কশীট ও সার্টিফিকেট, (২) কাস্ট সার্টিফিকেট, (৩) টাইপিং ও স্টেনোগ্রাফি পাশের সার্টিফিকেট, (৪) পাসপোর্ট মাপের ফটো ও সিগনেচার। যাবতীয় প্রমাণপত্র স্ক্যান করে প্রতিটি প্রমাণপত্র ২ এম.বি.'র মধ্যে। স্ক্যান করবেন জে.পি.জি. ফর্মাটে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন যাবতীয় তথ্য আপলোড করবেন। এবার পরীক্ষা ফী বাবদ ৫০০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


**Rekha Devi Pvt. ITI**
NCVT স্বীকৃত 2 Yrs. কোর্স
ITI Electrician Fitter
2018–'20 বর্ষে ভর্তি চলছে
গাদামারাহাট, উত্তর ২৪ পরগনা
Mob : 9874600615

**এয়ারপোর্টে বিভিন্ন পদে চাকরি**

বিশেষ সংবাদদাতা : কলকাতা, দিল্লি ও গোয়া, ব্যাঙ্গালুরু, মুম্বাই এয়ারপোর্টে এয়ার হস্টেস, গ্রাউন্ড স্টাফ (CSA, PSA, Tag Boy, Loader), টিকেটিং ও Driver ইত্যাদি পদে ZET AIRLINK ২০১০ সাল থেকে চাকরি দিয়ে আসছে। ওইসব পদে চাকরি করতে ইচ্ছুক প্রার্থীরা ভারতের ১ নং কোম্পেটেন্ট আসিস্ট, আই.এস.ও. (৯০০১ : ২০১৫) সার্টিফায়েড ইনস্টিটিউটে সরাসরি ইন্টারভিউয়ের জন্য আসুন। ক্লাস এইট পাশ / মাধ্যমিক পাশ / H.S. পাশ / গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা যোগ্য। শুরুতে ১২ দিনের ট্রেনিং। সরাসরি ইন্টারভিউ হবে ১১ই মে থেকে ১৮ই মে। আসন সংখ্যা ২৫টি। যোগাযোগ : Zet Airlink, Chinarpark, New Town, Pinnacle Tower (5th Floor), Besides Spencers Mall, Kolkata- 700 136. Mob : 8961099980 (HR, Annu), (033) 6555 5072. Website : www.zetairlink.com. (বিঃদ্রঃ বিস্তারিত তথ্য জানতে চোখ রাখুন CTVN চ্যানেলে প্রতি বৃহস্পতিবার রাত্রি ৮.৩০-৯.০০টা লাইভ শো) ও R Plus News চ্যানেলে প্রতি শনিবার বিকেল ৫.৩০-৬.০০টা লাইভ program. বিজ্ঞাপন

একটি নামী প্রতিষ্ঠানে পড়ানোর জন্য পূর্ব মেদিনীপুর ও বাঁকুড়া জেলার জন্য অভিজ্ঞ Math, G.I, Eng শিক্ষক চাই। নিজের জেলা অগ্রগণ্য। 7 দিনের মধ্যে CV পাঠান। E-mail- amiyodey@gmail.com

ভর্তির বিজ্ঞপ্তি
CHINSURAH PVT. ITI
NCVT, Govt. of India স্বীকৃত
(FITTER, ELECTRICIAN)
9432067572, (033) 2686-0071, 9732552726, 9433535299
NCTE স্বীকৃত
WBBPE ও বর্ধমান বিশ্ববিদ্যালয় অনুমোদিত
D.El.Ed এবং B.Ed
Chinsurah College of Education
জগন্নাথবাটী, চুঁচুড়া স্টেশন রোড, হুগলী
(PHE জলের ট্যাঙ্কের কাছে)
7550880866, (033) 2686-0001
9732552726, 9433535299

B.Ed / D.El.Ed
under WBUTTEPA / WBBPE
Garhchumuk Kolla Teachers' Training College (Admission 2018-20)
Kolla, Howrah - 711315, E-mail: info@gkttc.org
7003877645, 9830178526
9674387150, 9038160084
Details www.gkttc.org

JLD PRIVATE ITI
আই.টি.আই. কোর্সে আগস্ট 2018 সেশনে নিচের ট্রেডগুলিতে ভর্তির জন্য যোগাযোগ করুন —
ELECTRICIAN FITTER SURVEYOR
College Campus
Betberia, P.S. Baruipur, 24 Pgs. (S)
চাকরির গ্যারান্টি
(033) 2481-6491, 9831220905

সরকারি চাকরির লক্ষ্যে grassroot

উচ্চ শিক্ষান্তে নিরাপদ জীবিকা (সরকারি চাকরি) অর্জনের জন্য সুনির্দিষ্ট ও সময়োপযোগী তথা সুপরিকল্পিত প্রশিক্ষণই একমাত্র পথ। grassroot শিক্ষা প্রতিষ্ঠান প্রতিটি ছাত্রছাত্রীর প্রয়োজন অনুযায়ী বর্তমানের সর্বাধিক upgraded study material ও শিক্ষণ পদ্ধতি এবং Online-Offline পরীক্ষার মধ্যে দিয়ে প্রতিটি ছাত্রছাত্রীকে সাফল্যের সাথে সরকারি চাকরির জন্য গড়ে তুলছে। ভর্তির জন্য যোগাযোগ করুন : Sonarpur, Dunlop, Tamluk, Gariahat সেন্টারে।
grassroot WBCS SSC RAIL BANK
Ph: 7427927701 / 7980319138
www.grassrootclass.com

ভারতবর্ষ তথা পশ্চিমবঙ্গে BANK, SSC ও Rail-এ চাকরি পাওয়ার সেরা ইনস্টিটিউট
CAREER POWER — AN IIT/IIM ALUMNI COMPANY
bankersadda.com Adda 247 sscadda.com
ভর্তি চলছে এইসব শাখায় — শ্রীরামপুর, দুর্গাপুর, শিলিগুড়ি ও গুয়াহাটি

Adda 247 Store Publication Books, Test Series & Video Courses are available at our Serampore, Durgapur, Siliguri & Guwahati

For Business Enquiry Call : 8335877777

Huge Vacancy In CGL – 2018
Fresh Batch for SSC CGL - 2018
From 21.05.18 & 28.05.18
Fresh Batch for SBI 2018
From 22/5/18 & 29/05/18
Rail Fresh Batch
From 19/5/18 & 26/05/18

Good News ! Good News !
First Time
in West Bengal Distance Learning Programme for Working Students and Housewives for Bank, SSC, Rail and Other Govt. Exams. Available From Sereampore, Durgapur, Rishra, Siliguri & Guwahati Branch

Free Seminar on SSC CGL 2018
Planning & Time Management by IIT Kharagpur Alumni & SSC-CGL Sucessful Students
Durgapur : 16.05.18 (11.30 – 2.30 P.M)
Sreerampore : 17.05.18 (1.30 – 4.30 P.M)
Siliguri : 19.05.18 (11.30 – 2.30 P.M)

কেরিয়ার পাওয়ার — শ্রীরামপুর
114/A, N.S. Avenue, Opposite Canara Bank, Serampore, Hoghly
Ph. : 9123383443, 8335877777

কেরিয়ার পাওয়ার — দুর্গাপুর
City Centre Ambuja, Near City Center Bus Stand, Durgapur
Ph. : 6290309546, 8335877777

কেরিয়ার পাওয়ার — রিষড়া
89/114/3, D.N. Banerjee Road, Bangur Park, Near Rishra Sevak Sangha, Rishra, Hooghly
Ph. : 8335877777, 9123383443

কেরিয়ার পাওয়ার — শিলিগুড়ি
Baghajatin Road, Subhas Palli, Hatimore, Siliguri
Ph. : 6295787077, 6295784574, 8335877777

কেরিয়ার পাওয়ার — গুয়াহাটি
R.G. Baruah Road, Jonali Path, Opp. Guwahati Central Mall
Ph. : 8638780684, 6000034390, 8335877777

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



KARMASANGSTHAAN ■ Vol. 31 ■ Issue No. 19 ■ 12 May, 2018 ■ 13

# মাল্টিমিডিয়া ও অ্যানিমেশনের স্বপ্নের জগতে উজ্জ্বল কেরিয়ার

সম্ভবত ফ্লিপ বুক থেকে অ্যানিমেশনের শুরু। ১৯১৮ সালে মার্কিন যুক্তরাষ্ট্রে উইন্সর ম্যাককের তৈরি 'সিঙ্কিং অফ দ্য লুসিতানিয়া' চিত্রকে প্রথম অ্যানিমেশন চিত্রের মর্যাদা দেওয়া হয়। সেলুলয়েড আসার পর অবশ্য এ ধরনের ছবি তৈরির কাজ অনেক সহজ হয়ে যায়। পরে ওয়াল্ট ডিজনির আবির্ভাব অ্যানিমেশন দুনিয়ায় এক অন্য মাত্রা এনে দেয়। আর আজকের দিনের হলিউড- বলিউডের পাশাপাশি বাংলার টলিউডেও অ্যানিমেশন শিল্পের যুগান্তকারী শিল্পনৈপুণ্য চোখে পড়ে।

**অ্যানিমেশনের বিভিন্ন ধরন :** পদ্ধতি ও প্রকরণ অনুসারে বিভিন্ন ধরনের অ্যানিমেশন হয়। এর ধারাবাহিক বিবর্তনগুলো হল : ট্র্যাডিশনাল অ্যানিমেশন, পাপেট অ্যানিমেশন, ক্লে অ্যানিমেশন, কাট-আউট অ্যানিমেশন, মডেল অ্যানিমেশন, গ্রাফিক অ্যানিমেশন, ক্যারেক্টার অ্যানিমেশন, মাল্টি স্কেচিং অ্যানিমেশন, স্পেশাল এফেক্টস অ্যানিমেশন, 2D অ্যানিমেশন ও 3D অ্যানিমেশন। শেষ ২টি অ্যানিমেশন এখন সবচেয়ে জনপ্রিয়।

**অ্যানিমেশনের ব্যবহার ও জনপ্রিয়তা :** অ্যানিমেশনের মাধ্যমে অসম্ভবকে সম্ভব ও কল্পনাকে সত্যি করা যায়। আর এই ইচ্ছাপূরণের জন্যই গোটা বিশ্ব জুড়ে অ্যানিমেশনের আজ এত রমরমা। চলচ্চিত্রে বিধ্বংসী অগ্নিকাণ্ড, কিংবা ট্রেন বা, বিমান দুর্ঘটনা আগে দেখানো হত কাগজ কেটে সেট তৈরি করে। এখন যাবতীয় বিষয়গুলো দেখানো হয় অ্যানিমেশনের মাধ্যমে। এতে সময় ও খরচ যেমন বাঁচে, তেমনই কাল্পনিক ঘটনার বাস্তবায়নও সম্ভব হয়। চলচ্চিত্রের পাশাপাশি অ্যানিমেশন শিল্পের ব্যবহার হয় দূরদর্শন ও ধারাবাহিক গেমিং ইন্ডাস্ট্রি, মোবাইল ইন্ডাস্ট্রি, হেলথ ইন্ডাস্ট্রি, এডুকেশন ইন্ডাস্ট্রি, রিয়াল এস্টেট ইন্ডাস্ট্রি, মিডিয়া ইন্ডাস্ট্রি ও যেকোনো ধরনের বিনোদনমূলক শিল্পে।

**কীভাবে কাজ হয় :** অ্যানিমেশনের কাজ দলগত কাজ। এই কাজের ৩টি পর্যায় হল : প্রি প্রোডাকশন, প্রোডাকশন ও পোস্ট-প্রোডাকশন। প্রি-প্রোডাকশনে থাকে পরিকল্পনা, যার ওপর ভিত্তি করে তৈরি হয় গল্প, চিত্রনাট্য ও স্টোরি বুক। এরপর ছবি আঁকা হয়। প্রোডাকশনে চিত্রনাট্য অনুযায়ী ছবিগুলি কম্পিউটারের সফটওয়্যারের মাধ্যমে অ্যানিমেট বা, জীবন্ত করা হয়। 2D অ্যানিমেশনে Flash Toomboom আর 3D অ্যানিমেশনে Maya, Max ও Zbrush'এর সফটওয়্যার ব্যবহার হয়। প্রোডাকশন অংশে ব্যবহার করা হয় সাউন্ড ও মিউজিক। পোস্ট প্রোডাকশনে কম্পোজিং ও এডিটিং করে তৈরি হয় ফিল্ম।

**কেরিয়ারের ক্ষেত্র :** অ্যানিমেশন শিল্প দলগত হওয়ায় বিভিন্ন পর্যায়ে বিভিন্ন ধরনের কাজ জানা ছেলেমেয়েদের দরকার হয়। আগ্রহ, দক্ষতা ও শিক্ষা অনুযায়ী বেছে নিতে পারেন কেরিয়ারের এইসব পদ : (১) **ইন বিটুইন অ্যানিমেটর :** অ্যানিমেশন শিল্পের গোড়ার অংশ। প্রার্থীদের অ্যানিমেশনের বেসিক বিষয়গুলি সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকা দরকার। (২) **মডেলার :** যাঁরা অ্যানিমেশনের জন্য মডেলগুলি তৈরি করেন। এই কাজের জন্য ফর্ম, ভল্যুম ও অ্যানাটমি সম্পর্কে যথেষ্ট জ্ঞান থাকতে হবে। (৩) **ব্যাকগ্রাউন্ড আর্টিস্ট :** এঁরা প্রজেক্টের অন্তরালের চরিত্রগুলি আঁকে। এজন্য আঁকার দক্ষতা থাকা দরকার। (৪) **লে-আউট আর্টিস্ট :** এঁরা যে-কোনো অ্যানিমেশনের ব্যাকগ্রাউন্ড ডিজাইনের লাইট, ক্যামেরার অ্যাঙ্গল ও স্কেচের বিষয়টি দেখেন। (৫) **স্টোরি রাইটার :** যাঁরা প্রজেক্টের থিম বা, ভাবনা অনুযায়ী গল্পটি লেখেন। (৬) **স্টোরি বোর্ড আর্টিস্ট :** যাঁরা গল্পের চরিত্রদের ছবি আঁকেন। এই কাজের জন্য ছবি আঁকার দক্ষতার পাশাপাশি ভিসুয়ালাইজেশন (দৃশ্যায়ন) সম্পর্কে জ্ঞান থাকা দরকার। (৭) **ক্লিন আপ আর্টিস্ট :** এঁরা অ্যানিমেটরের সহকারি হিসাবে কাজ করেন। এঁদের কাজ অ্যানিমেটরদের ড্রয়িং, ডিজাইন ঠিকঠাক গতিতে এগোচেছ কি না তার দিকে নজর রাখা। (৮) **স্ক্যানার অপারেটর :** যাঁদের কাজ আর্টিস্টদের ড্রয়িংগুলোকে স্ক্যান করা। (৯) **কম্পোজিটর :** এঁদের কাজ বিভিন্ন ধরনের চরিত্র ও ব্যাকগ্রাউন্ডকে একটা সিঙ্গল অ্যানিমেশনের ফ্রেমে আনা। (১০) **ক্যারেক্টার অ্যানিমেটর :** যাঁরা চরিত্রকে প্রাণদান করেন। (১১) **স্পেশাল এফেক্ট আর্টিস্ট :** যাঁরা কম্পিউটারের বিভিন্ন ইমেজের মাধ্যমে লাইভ অ্যাকশন ফুটেজকে কম্বাইন করেন। সিনেমার ক্ষেত্রে আগুন লাগা বা, দুর্ঘটনার ক্ষেত্রে যে চিত্রায়ণ দেখি তা এই স্পেশাল এফেক্টেরই কাজ। দূরদর্শনের ক্ষেত্রে রামায়ণ ও মহাভারত ও পৌরাণিক ক্ষেত্রে যে যুদ্ধবিগ্রহের চিত্রায়ণ করা হয়, তা আসলে স্পেশাল এফেক্টরই কাজ। (১২) **ডিজিটাল ইঙ্ক ও পেন্ট আর্টিস্ট :** এঁদের কাজ প্রত্যেকটা ফ্রেমে কালার করা। (১৩) **কী ফ্রেম অ্যানিমেটর :** এঁদের প্রাথমিক কাজ কোনো ছবির মুভমেন্টের প্রথম ও শেষে ড্রয়িং করা। (১৪) **লাইটিং আর্টিস্ট :** যাঁরা বিভিন্ন ধরনের সেট, কালার ও শ্যাডো তৈরি করেন। (১৫) **ইমেজ এডিটর :** এঁরা কোনো অ্যানিমেশন ফিল্মের অডিও-ভিস্যুয়াল কম্পোনেন্ট তৈরি করেন। (১৬) **রেন্ডারিং আর্টিস্ট :** এঁরা মডেল, টেক্সচার, অ্যানিমেশন, লাইটিংয়ের সমন্বয় করেন। (১৭) **2D অ্যানিমেটর :** বিভিন্ন অ্যানিমেট সিকোয়েন্সের জন্য এঁরা উচ্চমানের ছবির সৃষ্টি করেন। (১৮) **টেক্সচার আর্টিস্ট :** এঁরা 3D মডেলের ক্যারেক্টার, অবজেক্ট বা, এনভায়রনমেন্টের জন্য জায়গা (সারফেস) তৈরি করে। (১৯) **রিগিং আর্টিস্ট :** এঁদের কাজ মডেল বা, 3D ক্যারেক্টারের টেক্সচার করা বা, সমন্বয় করা, যার মাধ্যমে 3D ক্যারেক্টারগুলো কথা বলে, নড়াচড়া করে। (২০) **3D অ্যানিমেটর :** এঁদের কাজ সবচেয়ে গুরুত্বপূর্ণ। এঁরাই 3D মডেলকে অ্যানিমেট বা, জীবনদান করেন। (২১) **ফ্যাকাল্টি :** মেধাবি ছেলেমেয়েরা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ফ্যাকাল্টি পদে কাজ করতে পারেন। কোথাও ধরাবাঁধা চাকরি করতে না চাইলে পেশাদার অ্যানিমেটর হিসাবে বিভিন্ন প্রোডাকশন হাউসে যেমন কাজ করতে পারেন ঠিক তেমনি উদ্যমী হয়ে ২/৩জন বন্ধু মিলে নিজেরাই প্রোডাকশন হাউস তৈরি করে ব্যবসা করতে পারেন। এজন্য বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক থেকে ঋণও পাওয়া যায়।

## মাল্টিমিডিয়া ও অ্যানিমেশনের কাজ শিখলে বসে থাকতে হয় না



চিরঞ্জীব কর্মকার
সিস্টেম ইঞ্জিনিয়ার, ক্যাড সেন্টার
যাদবপুর বিশ্ববিদ্যালয়
(সিএফকেওডি বিভাগ)

প্রযুক্তি কল্পনা আর সৃজনশীলতার মেলবন্ধনে তৈরি হয় অ্যানিমেশনের মায়াময় জগত। স্বপ্নের এই জগতে পা রাখতে গেলে বিভিন্ন সফটওয়্যারের ব্যবহারে যেমন দক্ষ হতে হয়, তেমন থাকতে হয় ভালো ড্রইং সেন্স। মাল্টিমিডিয়ার অ্যাডোব ফটোশপ, কোরেল ড্র ইত্যাদি সফটওয়্যারের ব্যবহারের মাধ্যমে ড্রইংয়ের প্রাথমিক ধারণা দেওয়া হয়। এজন্যে যেকোনো প্রার্থীর শুরুতে মাল্টিমিডিয়ার ট্রেনিং নিলে সুবিধা হয়। অ্যানিমেশন মাল্টিমিডিয়ার অংশ মাত্র। মাল্টিমিডিয়া এই ৫টি বিষয়ের সমন্বয় — গ্রাফিক্স ডিজাইন, ওয়েব ডিজাইন, টু ডি ও থ্রি ডি অ্যানিমেশন, ভিডিও এডিটিং ও স্পেশাল এফেক্ট। ফলে মাল্টিমিডিয়ার কাজ জানলে অ্যানিমেশন ছাড়াও বিভিন্ন ক্ষেত্রে স্পেশাল কেরিয়ারের সুযোগ রয়েছে। এজন্যে এখন বিভিন্ন প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া অ্যান্ড অ্যানিমেশনের কোর্স পড়ানো হয়। কেরিয়ারের সুবর্ণ সুযোগ রয়েছে এইসব ক্ষেত্রে : (১) অ্যাডভার্টাইজিং, (২) অনলাইন ও প্রিন্ট নিউজ মিডিয়া, (৩) ফিল্ম ও টেলিভিশন, (৪) কার্টুন প্রোডাকশন, (৫) ভিডিও গেমিং, (৬) ই লার্নিং।

অ্যানিমেশনের ২ডি কাজের জন্য দরকার হয় : অ্যাডোব, অ্যানিমেট সিসি আর ৩ডি কাজের জন্য মায়া সফটওয়্যার ব্যবহার হয়।

কম খরচে কল্পনার জগতকে প্রযুক্তি ও উদ্ভাবনের ব্যবহারে অ্যানিমেশনের মাধ্যমে শিল্পকে জীবন্ত করা হয়। এজন্যে টেলিভিশন, চলচ্চিত্র, ভিডিও গেম, ওয়েবসাইট — সবকিছুতেই অ্যানিমেশন কার্যত অপরিহার্য হয়ে উঠেছে। চাকরির সুযোগ রয়েছে মডেলার, লে আউট আর্টিস্ট, স্পেশাল এফেক্ট আর্টিস্ট, স্টোরি বোর্ড আর্টিস্ট, টু ডি ও থ্রি ডি ডিজাইনার পদে। চলচ্চিত্রের কাজ করে যেসব স্টুডিও, সেখানে আর্ট ডিজাইনার, ভিডিও বা, টেলিকাস্ট স্পেশালিস্ট, ফিল্ম এডিটর ও ক্রিয়েটিভ ডিজাইনার পদে দক্ষ প্রার্থীদের চাকরি হতে পারে। বিভিন্ন নিউজ চ্যানেল ও ওয়েবসাইটে গ্রাফিক ডিজাইনারদের রমরমা বাজার। ইদানিং ছোট-বড় বেশিরভাগ সংস্থাই তাদের পরিসর বাড়ানোর জন্য নিজস্ব ওয়েবসাইট তৈরি করছে। সোশ্যাল মিডিয়া ও মোবাইল ফোনের রমরমার যুগে ডিজাইনারদের ভালো বাজার তৈরি হয়েছে। মাধ্যমিক বা, উচ্চ মাধ্যমিক পাশ করার পরে এই পেশায় আসা যায়। শুধু থাকতে হবে ড্রইংয়ের সেন্স। এই মুহূর্তে মাল্টিমিডিয়ার ট্রেনিং নিয়ে দক্ষতা অর্জন করলে কাউকে কাজের জন্য বসে থাকতে হয় না। ধরাবাঁধা চাকরি ছাড়াও শুধুমাত্র পেশাদার কাজ করেও প্রচুর টাকা রোজগার করা যায়।

## বিনোদন জগতে ৮ লাখ কর্মসংস্থানের সুযোগ

সি.আই.আই-বি.সি.জি'র রিপোর্ট অনুযায়ী ২০২২ সালে মিডিয়া ও বিনোদন জগতে ৭ লাখ থেকে ৮ লাখ চাকরি তৈরি হবে। কিন্তু এই মুহূর্তে মিডিয়া ও বিনোদন জগতে কাজে দক্ষ কর্মীর সংখ্যা যথেষ্ট নয়। তাই কেন্দ্রীয় সরকারের NSDC অনুমোদিত Excel Mediskill বিনোদন জগতে চাকরির উপযোগী করার জন্য ৫টি কোর্সের ট্রেনিং দিচ্ছে। কোর্স চলাকালীন নিজস্ব Green Chroma Studio-তে ছাত্রছাত্রীদের প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের ব্যবস্থা এবং ২ মাস ইন্টার্নশিপের ব্যবস্থা করা হয়েছে। কমপক্ষে উচ্চমাধ্যমিক অবতীর্ণ বা, উত্তীর্ণ ছাত্রছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবেন। ভর্তির জন্য যোগাযোগ : 89 A.J.C Bose Road, Sai Plaza, 1st Floor, Opposite to Entally Market, Kol -17. ফোন : 9073912292, 9073901228.

Learn & Get job
in 6 months
• Web Design
• Angular JS
• Web Development
• 2D Animation
• Graphic Design
• FCP Video Editing

THE INSTITUTE OF MOTION DESIGN
Animation ও VFX-এ চাকরি সুনিশ্চিত
Animation ও VFX-এর দুনিয়াই 8 থেকে 10 মাসের ট্রেনিংয়ের পর চাকরি সুনিশ্চিত। পাশ করা 100% ছাত্রছাত্রীই দেশের নানা প্রান্তে কর্মরত। আমরা Symbiosys-এর ট্রেনিং পার্টনার। ভর্তির জন্য যোগাযোগ A9/245, কল্যাণী, নদিয়া।
8945514757, 9547170127
Vacancy for 2D Faculty ও Receptionist

TECHNO SPECIALITY MEDIA PVT.LTD
Multimedia and Animation Training Institute
অ্যানিমেশন শিখুন প্রফেশনালদের হাত ধরে
এখানে - গ্রাফিক্স - 2d & 3d অ্যানিমেশন - কম্পোজিটিং - VFX - ভিডিও এডিটিং - এবং ফিল্মমেকিং শেখান হয়
100 JOB ASSURED
Admissions open from 2018-19
www.teksm.com +91 903882092
8274994192, 904656790



